

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৬৩, কী পরিমাণ সম্পদ থাকলে ফিতরা দেওয়া ফর্য হয়?

ঈদের দিন যদি কোন মুসলিম ব্যক্তি ও তার পরিবারবর্গের প্রয়োজনীয় খাবারের চেয়ে অতিরিক্ত আরো ২ কেজি ৪০ গ্রাম পরিমাণ নির্দিষ্ট খাবার মওজুদ থাকে তাহলে ঐ ব্যক্তি ও তার পরিবারের সকল সদস্যের উপর ফিতরা প্রদান ফরয হয়ে যাবে। আবদুল্লাহ ইবনে ওমর (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) স্বাধীন, কৃতদাস, নারী, পুরুষ, ছোট, বড় প্রত্যেক মুসলিমের প্রতি রমযানের সিয়ামের কারণে এক সা' খেজুর বা এক সা' যব ফিতরা হিসেবে ফরয করে দিয়েছেন। (বুখারী: ১৫০৩, মুসলিম: ৯৮৪)।

ইমাম আহমাদের একটি বিশুদ্ধ হাদীসে আবু হোরাইরাহ (রা.) থেকে বর্ণিত আছে যে, প্রত্যেক স্বাধীন, পরাধীন, নারী, পুরুষ, ছোট, বড়, ফকির-ধনী প্রত্যেকের উপর জনপ্রতি এক সা'আ (২ কেজি ৪০ গ্রাম) পরিমাণ খেজুর ফিতরা হিসেবে দান করা ওয়াজিব। তবে ইমাম আবু হানীফার (র) মতে, ঈদের দিন যাকাতের নেসাব পরিমাণ সম্পদ থাকলে অর্থাৎ ঐদিন ভোরে প্রয়োজনের অতিরিক্ত হিসেবে যার ঘরে সাড়ে সাত তোলা স্বর্ণ বা বায়ায় তোলা রৌপ্য বা এর সমপরিমাণ নগদ অর্থ থাকবে শুধু ঐ পরিবারের উপর ফিতরা দেওয়া ফরয হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15248

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন